দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 DEC 1998 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৬ ......

# ছাত্রদল কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ নির্বাচনে অংশ নিবে না

ইত্তেফাক রিপোর্ট ॥ জাতীয়তাবাদী ছাত্রদলের কৃষি বিশ্ববিদ্যালয় শাখা আগামী ১৭ই ডিসেম্বর অনুষ্ঠিতব্য কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ নির্বাচন প্রত্যাখ্যান করিয়া বলিয়াছে, ছাত্রদল এই নির্বাচনে অংশ নিবে না।

গতকাল বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত কৃষি বিশ্ববিদ্যালয় শাখা জাতীয়তাবাদী ছাত্রদলের এক সাংবাদিক সম্মেলনে বলা হয়, নির্বাচনের সুষ্ঠু ও স্বাভাবিক পরিবেশ এখন কৃষি বিশ্ববিদ্যালয়ে নাই। ১৯৯৬ সালের ২রা নভেম্বর পুলিশ ও প্রশাসনের সহযোগিতায় কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ছাত্রদলের সকল নেতা-কর্মীকে বিতাড়িত করিয়া ছাত্রলীগ ক্যাম্পাস দখল করিয়া নেওয়ার পর বিশ্ববিদ্যালয় প্রশাসন দলীয়করণ করা হয়। সাংবাদিক সম্মেলনে কৃষি বিশ্ববিদ্যালয় হল ও ক্যাম্পাস হইতে বিতাড়িত ছাত্রদলের সকল নেতা-কর্মীকে অবিলম্বে হলে ফিরিয়া যাওয়ার পরিবেশ সৃষ্টির মাধ্যমে সমঅধিকারের ভিত্তিতে রাজনৈতিক কর্মকান্ড পরিচালনার সুযোগ প্রদান এবং ১১ জন ছাত্রদল নেতার বিরুদ্ধে 'চক্রান্তমূলক' শাস্তির আদেশ প্রত্যাহার ও নির্বাচন বন্ধের দাবী জানান হয়। কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক এসএমএ খালিদ সাংবাদিক সম্মেলনে বক্তব্য পেশ করেন।